২৭/০৭/২০২৩ - বৃহস্পতিবার

**শিরোনাম ঃ এমআইএসটি এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্বাবধানে তিনদিন ব্যাপি Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) শুরু |**

যুগান্তর

# এমআইএসটি'র তিনদিনব্যাপী কনফারেন্স

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিনদিনব্যাপী সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভান্সেস ইন সিভিল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড কন্সট্রাকশন মেটেরিয়ালস (CICM 2023) বুধবার শুরু হয়েছে। কনফারেন্সের উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম, এমপি। এর মূল প্রতিপাদ্য বিষয় 'সহনশীলতা ও স্থায়িত্ব'। পানি সম্পদ ও জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাত কনফারেন্সে সভাপতির দায়িত্ব পালন করছেন। কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম। আধুনিক টিউবুলার ডিজাইনের জনক বিখ্যাত প্রকৌশলী ড. ফজলুর রহমান খানের সম্মানে এবারের কনফারেন্স আয়োজন করা হয়েছে। আইএসপিআর।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# এমআইএসটিতে প্রকৌশল বিষয়ক তিন দিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি) এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিন দিনব্যাপী সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন অ্যাডভানসেস ইন সিভিল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড কনস্ট্রাকশন ম্যাটেরিয়ালস (সিআইসিএম) শুরু হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) প্রেরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় কনফারেন্সের উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মো. তাজুল ইসলাম। এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সহনশীলতা এবং স্থায়িত্ব'। পানি সম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাত কনফারেন্সে সভাপতির দায়িত্ব পালন করেন। কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম। কনফারেন্সের উদ্বোধনী সেশনে প্রফেসর ড. গ্র্যাগরি ম্যাকরে, ইউনিভার্সিটি অব ক্যানটারবারি এবং মেজর জেনারেল আবু সাঈদ মো. মাসুদ (অব.) মূল উপস্থাপনা প্রদান করেন। কনফারেন্সের প্রথম দুই দিনে দেশ এবং বিদেশের প্রখ্যাত বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানের স্বনামধন্য অধ্যাপক, গবেষণাবিদ এবং বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ তাদের প্রবন্ধ উপস্থাপন করবেন। কনফারেন্সের সমাপনী দিনে আগত অতিথিরা এমআইএসটির তত্ত্বাবধানে পদ্মা বহুমুখী সেতু এবং প্রকল্প এলাকা পরিদর্শন করবেন। বিখ্যাত প্রকৌশলী ড. ফজলুর রহমান খান, যাকে উচ্চ কাঠামো নির্মাণের জন্য 'আধুনিক টিউবুলার ডিজাইনের জনক' বলা হয়ে থাকে, তার সম্মানে এবারের কনফারেন্স আয়োজন করা হয়েছে।

এ কনফারেন্সে সর্ব মোট ৪৪টি পর্বে অনুষ্ঠিত হবে, যার মধ্যে আছে সাতটি মূল পর্ব, চারটি বিশেষ পর্ব, পাঁচটি আমন্ত্রিত পর্ব এবং ২৮টি প্রযুক্তিগত পর্ব। প্রকৌশল অবকাঠামোর চ্যালেঞ্জ, কাঠামোগত গতিশীলতা এবং কম্পন, কাঠামোর মূল্যায়ন এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ, মেরামত, পুনর্বাসন এবং কাঠামোর রেট্রোফিটিং, উদ্ভাবনী নির্মাণ উপকরণ এবং কাঠামো, নির্মাণ সামগ্রীর কর্মক্ষমতা, জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং, পরিবেশ ও জলসম্পদ সম্পর্কিত অবকাঠামো, শহুরে অবকাঠামো এবং পরিবহন ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ




*স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম গতকাল মিরপুর সেনানিবাসে এমআইএসটি এর সিভিল সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বধানে তিনদিনব্যাপী সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন এডভান্সেস ইন সিভিল ইনফ্রাস্ট্রাকচার এন্ড কনস্ট্রাকশন ম্যাটেরিয়ালস এর উদ্বোধনী অনুষ্ঠান শেষে অতিথিদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন। আইএসপিআর*

এমআইএসটি

# দ্বিতীয় আন্তর্জাতিক কনফারেন্স শুরু

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি) এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিনদিন ব্যাপি Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) শুরু হয়। কনফারেন্সের উদ্বোধন ঘোষনা করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম, এমপি। এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল "সহনশীলতা এবং স্থায়িত্ব"। আইএসপিআর

পানি সম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাত কনফারেন্সে সভাপতির দায়িত্ব পালন করেন। কনফারেন্সের প্রধান পৃষ্টপোষক হিসেবে উপস্থিত ছিলেন এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম, এসইউপি, এনডিসি, পিএসসি। কনফারেন্সের উদ্বোধনী সেশনে প্রফেসর ড. গ্র্যাগরি ম্যাকরে, ইউনিভার্সিটি অব ক্যানটারবারি এবং মেজর জেনারেল আবু সাঈদ মো. মাসুদ (অবঃ) মূল উপস্থাপনা প্রদান করেন। কনফারেন্সের প্রথম দুই দিনে দেশ এবং বিদেশের প্রখ্যাত বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানের স্বনামধন্য অধ্যাপক, গবেষনাবিদ এবং বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ তাদের প্রবন্ধ উপস্থাপন করবেন।

কনফারেন্সের সমাপনী দিনে আগত অতিথিরা এমআইএসটির তত্ত্বাবধানে পদ্মা বহুমুখি সেতু এবং প্রকল্প এলাকা পরিদর্শন করবেন। বিখ্যাত প্রকৌশলী ড. ফজলুর রহমান খান, যাকে উচ্চ কাঠামো নির্মানের জন্য আধুনিক টিউবুলার ডিজাইনের জনক" বলা হয়ে থাকে, তার সম্মানে এবারের কনফারেন্স আয়োজন করা হয়েছে।

যায়যায়দিন




# বেসামরিক অবকাঠামো ও নির্মাণ সামগ্রীতে অগ্রগতিবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন শুরু

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিন দিনব্যাপী Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) বুধবার শুরু হয়েছে। কনফারেন্সের উদ্বোধন ঘোষণা করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম।

কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় হলো- 'সহনশীলতা এবং স্থায়িত্ব'। পানিসম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ডক্টর আইনুন নিশাত কনফারেন্সে সভাপতির দায়িত্ব পালন করেন। কনফারেন্সের প্রধান পৃষ্টপোষক হিসেবেউপস্থিত ছিলেন- এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম। কনফারেন্সের উদ্বোধনী সেশনে প্রফেসর ডক্টর গ্র্যাগরি ম্যাকরে, ইউনিভার্সিটি অব ক্যান্টারবারি এবং মেজর জেনারেল আবু সাঈদ মো. মাসুদ (অব.) মূল উপস্থাপনা প্রদান করেন। কনফারেন্সের প্রথম দুই দিন দেশ এবং বিদেশের প্রখ্যাত বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানের স্বনামধন্য অধ্যাপক, গবেষণাবিদ এবং বিশেষজ্ঞ ব্যক্তিরা তাদের প্রবন্ধ উপস্থাপন করবেন। কনফারেন্সের সমাপনী দিন আগত অতিথিরা এমআইএসটির তত্ত্বাবধানে পদ্মা বহুমুখী সেতু এবং প্রকল্প এলাকা পরিদর্শন করবেন। বিখ্যাত প্রকৌশলী ডক্টর ফজলুর রহমান খান, যাকে উচ্চ কাঠামো নির্মাণের জন্য 'আধুনিক টিউবুলার ডিজাইনের জনক' বলা হয়ে থাকে, তার সম্মানে এবারের কনফারেন্স আয়োজন করা হয়েছে।

এবারের কনফারেন্সে সর্বমোট ৪৪ পর্বে অনুষ্ঠিত হবে, যার মধ্যে আছে সাতটি মূল পর্ব, চারটি বিশেষ পর্ব, পাঁচটি আমন্ত্রিত পর্ব এবং ২৮টি প্রযুক্তিগত পর্ব। প্রকৌশল অবকাঠামোর চ্যালেঞ্জ, কাঠামোগত গতিশীলতা এবং কম্পন, কাঠামোর মূল্যায়ন এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ, মেরামত, পুনর্বাসন এবং কাঠামোর রেট্রোফিটিং, উদ্ভাবনী নির্মাণ উপকরণ এবং কাঠামো, নির্মাণসামগ্রীর কর্মক্ষমতা, জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং, পরিবেশ ও জলসম্পদ-সম্পর্কিত অবকাঠামো, শহুরে অবকাঠামো এবং পরিবহণ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিরা তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন।

কনফারেন্সে ইউনিভার্সিটি অব ইলিনিয়স আরবানা-স্যাম্পেইন, ইউসি বার্কলে, লিহাই ইউনিভার্সিটি, নর্থ ক্যারোলিনা স্টেট ইউনিভার্সিটি, মিসৌরী ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, হুনান ইউনিভার্সিটি, মেমোরিয়াল ইউনিভার্সিটি অব নিফাউন্ডল্যান্ড, ইউনিভার্সিটি অব ক্যালগ্যারি, পলিটেকনিক মন্ট্রিল, ম্যাকমাস্টার ইউনিভার্সিটি, হংকং পলিটেকনিক ইউনিভার্সিটি, মিলটন ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলস, সাউথ ক্যারোলিনা ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব নর্দান ব্রিটিশ কলাম্বিয়া, সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া, পলিটেকনিক ডি মিলানো, ইয়র্ক ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অবচার্লটন, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, ম্যানহাটন কলেজ, বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এবং টেকনোলজিসহ আরও বিশ্ব বিখ্যাত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানের প্রখ্যাত ব্যক্তিরা তাদের গবেষণাকর্ম উপস্থাপন করবেন।

উল্লেখ্য, এমআইএসটি কর্তৃক প্রথম International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM) আয়োজন করা হয় ২০১৫ সালের ১৪-১৫ ডিসেম্বর। ■ আইএসপিআর

আমাদের ভাষা গণমানুষের
মানবকণ্ঠ

# আজকের বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ : স্থানীয় সরকারমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক**

স্থানীয় সরকারমন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বিগত ১৫ বছরে বাংলাদেশের মাথাপিছু জিডিপি ২ হাজার ৮০০ ডলারের বেশিতে উন্নীত করতে পেরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজকের বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, শতভাগ বিদ্যুতায়নের দেশ। গতকাল বুধবার মিরপুরে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে এক আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এতে বাংলাদেশসহ পৃথিবীর আরও ১০টি দেশের বিশেষজ্ঞরা অংশগ্রহণ করেন। মন্ত্রী বলেন, যুদ্ধবিধ্বস্ত একটি দেশ পুনর্গঠনে নেমে বঙ্গবন্ধু মাত্র সাড়ে তিন বছরে মাথাপিছু আয় ৯৪ ডলার থেকে ২৭৭ ডলারে উন্নত করেছিলেন। আর সামরিক শাসকরা ২১ বছরে মাত্র ৫২ ডলার জিডিপি প্রবৃদ্ধি করেছিল দেশে। এ চিত্র থেকে বুঝা যায় বাংলাদেশে কতটা পিছিয়ে পড়েছিল সামরিক নেতৃত্বের হাতে। তিনি বলেন, ভৌগোলিক ছোট আয়তনের ঘনবসতিপূর্ণ একটি দেশের অর্থনৈতিক অগ্রগতি থেমে যাওয়ার ফলে দেশের সমস্যা কঠিন থেকে কঠিনতর হয়েছে। এমন কঠিন সময়ে ১৯৯৬ সালে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন ক্ষমতা নেন তখন বাংলাদেশের জিডিপি ছিল ৩২৯ ডলার। খাদ্য ঘাটতির বাংলাদেশকে মাত্র পাঁচ বছরে তিনি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলেন। তিনি আরও বলেন, সমাজের সকল শ্রেণি-পেশার মানুষকে একসঙ্গে নিয়ে দেশের উন্নয়নে ঝাঁপিয়ে পড়েন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যার ফলে বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে শামিল হওয়ার যোগ্যতা অর্জন করেছে। সম্মেলনে মন্ত্রী বলেন, একটি দেশের উন্নয়নে অবকাঠামোগত স্থাপনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং সিভিল ইঞ্জিনিয়াররা এক্ষেত্রে অগ্রগামী ভূমিকা রাখেন। এ সম্মেলনের মাধ্যমে বিভিন্ন দেশের সিভিল ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে বিশেষজ্ঞরা তাদের অর্জিত জ্ঞান বিনিময়ের মাধ্যমে নিজেরা যেরকম সমৃদ্ধ হবেন তেমনি বাংলাদেশের সিভিল ইঞ্জিনিয়াররাও সমৃদ্ধ হবেন বলে আমার বিশ্বাস।

সত্য প্রকাশে আপসহীন THE DAILY BHORER DAK
ভোরের ডাক




# এমআইএসটি-এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিন দিন ব্যাপী (CICM 2023) শুরু

**আইএসপিআর :** মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিনদিন ব্যাপি Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials (CICM 2023) শুরু হয়। কনফারেন্সের শুভ উদ্বোধন ঘোষনা করেন গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের মন্ত্রী মো. তাজুল ইসলাম, এমপি। এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সহনশীলতা এবং স্থায়িত্ব'। পানি সম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাত কনফারেন্সে সভাপতির দায়িত্ব পালন করেন। কনফারেন্সের প্রধান পৃষ্টপোষক হিসেবে উপস্থিত ছিলেন এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম।

আলোকিত বাংলাদেশ





# এমআইএসটি'র তিন দিনব্যাপী দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন শুরু

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি'র (এমআইএসটি) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে তিন দিনব্যাপী বেসামরিক অবকাঠামো এবং নির্মাণ সামগ্রীর অগ্রগতি সম্পর্কিত দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়। কনফারেন্সের উদ্বোধন ঘোষণা করেন গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মো. তাজুল ইসলাম, এমপি। এ কনফারেন্সের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সহনশীলতা এবং স্থায়িত্ব'। পানিসম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাত কনফারেন্সে সভাপতির দায়িত্ব পালন করেন। কনফারেন্সের প্রধান পৃষ্টপোষক হিসেবে উপস্থিত ছিলেন এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম, এসইউপি, এনডিসি, পিএসসি। কনফারেন্সের উদ্বোধনী সেশনে প্রফেসর ড. গ্র্যাগরি ম্যাকরে, ইউনিভার্সিটি অব ক্যানটারবারি এবং মেজর জেনারেল আবু সাঈদ মো. মাসুদ (অব.) মূল উপস্থাপনা প্রদান করেন। কনফারেন্সের প্রথম দুই দিনে দেশ এবং বিদেশের প্রখ্যাত বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানের স্বনামধন্য অধ্যাপক, গবেষনাবিদ এবং বিশেষজ্ঞ ব্যক্তিরা তাদের প্রবন্ধ উপস্থাপন করবেন। কনফারেন্সের সমাপনী দিনে আগত অতিথিরা এমআইএসটির তত্ত্বাবধানে পদ্মা বহুমুখী সেতু এবং প্রকল্প এলাকা পরিদর্শন করবেন। বিখ্যাত প্রকৌশলী ড. ফজলুর রহমান খান, যাকে উচ্চ কাঠামো নির্মানের জন্য 'আধুনিক টিউবুলার ডিজাইনের জনক' বলা হয়ে থাকে, তার সম্মানে এবারের কনফারেন্স আয়োজন করা হয়েছে। এবারের কনফারেন্সে সর্বমোট ৪৪টি পর্বে অনুষ্ঠিত হবে, যার মধ্যে আছে সাতটি মূল পর্ব, চারটি বিশেষ পর্ব, পাঁচটি আমন্ত্রিত পর্ব এবং ২৮টি প্রযুক্তিগত পর্ব। প্রকৌশল অবকাঠামোর চ্যালেঞ্জ, কাঠামোগত গতিশীলতা এবং কম্পন, কাঠামোর মূল্যায়ন এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ, মেরামত, পুনর্বাসন এবং কাঠামোর রেট্রোফিটিং, উদ্ভাবনী নির্মাণ উপকরণ এবং কাঠামো, নির্মান সামগ্রীর কর্মক্ষমতা, জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং, পরিবেশ ও জলসম্পদ সম্পর্কিত অবকাঠামো, শহুরে অবকাঠামো এবং পরিবহণ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিরা তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন। আইএসপিআর

kaleralo.com কালের যাত্রার পদধ্বনি
কালেরআলো

## অর্থনৈতিক অগ্রগতির ফলে মানসম্মত অবকাঠামোগত কাজ গুরুত্ব পাচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী




অর্থনৈতিক অগ্রগতির ফলে মানসম্মত অবকাঠামোগত কাজ গুরুত্ব পাচ্ছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম।

তিনি বলেছেন, বিগত ১৫ বছরে বাংলাদেশের মাথাপিছু জিডিপি ২৮০০ ডলারের বেশিতে উন্নীত করতে পেরেছেন শেখ হাসিনা, আজকের বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, শতভাগ বিদ্যুৎতায়নের দেশ। দেশের এই অর্থনৈতিক অগ্রগতির ফলেই আজকে আমরা বিভিন্ন ক্ষেত্রে টেকসই ও মানসম্মত অবকাঠামো নির্মাণ বিষয়টি প্রাসঙ্গিকভাবে আলোচনা করছি।

বুধবার (২৬ জুলাই) মিরপুরে মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)তে "এডভান্সেস ইন সিভিল ইনফ্রাসট্রাকচার এন্ড কন্সট্রাকশন মেটারিয়ালস" শীর্ষক তিনদিন ব্যাপী ২য় আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। এতে বাংলাদেশসহ পৃথিবীর আরো ১০ টি দেশের বিশেষজ্ঞরা অংশগ্রহণ করেন।

পানি সম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাতের সভাপতিত্বে কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম। কনফারেন্সের উদ্বোধনী সেশনে ইউনিভার্সিটি অব ক্যানটারবারির প্রফেসর ড. এ্যাগরি ম্যাকরে এবং মেজর জেনারেল আবু সাঈদ মোঃ মাসুদ (অবঃ) মূল উপস্থাপনা প্রদান করেন।

THE BUSINESS STANDARD



Local Government, Rural Development and Cooperatives Minister Md Tazul Islam speaks at the opening ceremony of the three-day "Second International Conference on Advances in Civil Infrastructure and Construction Materials" under the supervision of the Civil Engineering Department of the MIST at Mirpur Cantonment on Wednesday. PHOTO: ISPR

The New Nation




Local Government Minister Tajul Islam poses for a photo session with the invited guests after inaugurating the second international conference on 'Advances in Civil Infrastructure and Construction Materials' at Mirpur Cantonment in the city on Wednesday. ■ ISPR photo

kaleralo.com কালের যাত্রার পদধ্বনি
কালের আলো

# অর্থনৈতিক অগ্রগতির ফলে মানসম্মত অবকাঠামোগত কাজ গুরুত্ব পাচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী

kaleralo.com/archives/177786

July 26, 2023

**নিজস্ব প্রতিবেদক, কালের আলো:**

অর্থনৈতিক অগ্রগতির ফলে মানসম্মত অবকাঠামোগত কাজ গুরুত্ব পাচ্ছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম।

তিনি বলেছেন, বিগত ১৫ বছরে বাংলাদেশের মাথাপিছু জিডিপি ২৮০০ ডলারের বেশিতে উন্নীত করতে পেরেছেন শেখ হাসিনা, আজকের বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ, শতভাগ বিদ্যুৎতায়নের দেশ। দেশের এই অর্থনৈতিক অগ্রগতির ফলেই আজকে আমরা বিভিন্ন ক্ষেত্রে টেকসই ও মানসম্মত অবকাঠামো নির্মাণ বিষয়টি প্রাসঙ্গিকভাবে আলোচনা করছি।

বুধবার (২৬ জুলাই) মিরপুরে মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)তে "এডভান্সেস ইন সিভিল ইনফ্রাসট্রাকচার এন্ড কন্সট্রাকশন মেটারিয়ালস" শীর্ষক তিনদিন ব্যাপী ২য় আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। এতে বাংলাদেশসহ পৃথিবীর আরো ১০ টি দেশের বিশেষজ্ঞরা অংশগ্রহণ করেন।

পানি সম্পদ এবং জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ প্রফেসর ইমেরিটাস ড. আইনুন নিশাতের সভাপতিত্বে কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন এমআইএসটির ভারপ্রাপ্ত কমান্ড্যান্ট ব্রিগেডিয়ার জেনারেল মু. অহিদুল ইসলাম। কনফারেন্সের উদ্বোধনী সেশনে ইউনিভার্সিটি অব ক্যানটারবারির প্রফেসর ড. এ্যাগরি ম্যাকরে এবং মেজর জেনারেল আবু সাঈদ মোঃ মাসুদ (অবঃ) মূল উপস্থাপনা প্রদান করেন।




মোঃ তাজুল ইসলাম বলেন, যুদ্ধ বিধ্বস্ত একটি দেশ পুনর্গঠনে নেমে বঙ্গবন্ধু মাত্র সাড়ে তিন বছরে ৯৪ ডলার মাথাপিছু আয় থেকে ২৭৭ ডলারে মাথাপিছু জিডিপি উন্নত করেছিলেন আর সামরিক শাসকেরা ২১ বছরে মাত্র ৫২ ডলার জিডিপি প্রবৃদ্ধি করেছিল দেশের। এ চিত্র থেকে বুঝা যায় বাংলাদেশে কতটা পিছিয়ে পড়েছিল সামরিক নেতৃত্বের হাতে। ভৌগলিক ছোট আয়তনের ঘনবসতিপূর্ণ একটি দেশের অর্থনৈতিক অগ্রগতি থেমে যাওয়ার ফলে দেশের সমস্যা কঠিন থেকে কঠিনতর হয়েছে বলেও জানান মন্ত্রী।

'এরকম একটি কঠিন সময় ১৯৯৬ সালে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন ক্ষমতা নেন তখন বাংলাদেশের জিডিপি ছিল ৩২৯ ডলার।'

তিনি বলেন, খাদ্য ঘাটতির বাংলাদেশকে মাত্র পাঁচ বছরে তিনি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলেন। তিনি আরো বলেন, সমাজের সকল শ্রেণী পেশার মানুষকে একসাথে নিয়ে দেশের উন্নয়নে ঝাঁপিয়ে পড়েন প্রধানমন্ত্রী শেখ হাসিনা যার ফলে বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে শামিল হওয়ার যোগ্যতা অর্জন করেছে।

মন্ত্রী সম্মেলনে বলেন, একটি দেশের উন্নয়নে অবকাঠামগত স্থাপনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং সিভিল ইঞ্জিনিয়াররা এক্ষেত্রে অগ্রগামী ভূমিকা রাখেন। তিনি আরো বলেন, এ সম্মেলনের মাধ্যমে বিভিন্ন দেশের সিভিল ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে বিশেষজ্ঞরা তাদের অর্জিত জ্ঞান বিনিময়ের মাধ্যমে নিজেরা যেরকম সমৃদ্ধ হবেন তেমনি বাংলাদেশের সিভিল ইঞ্জিনিয়াররাও সমৃদ্ধ হবেন বলে আমার বিশ্বাস।




*কালের আলো/বিএস/এমএইচ*